

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র জেলা জজের কার্যালয়
রংপুর।

অফিস আদেশ :

নং : ১৮/২০১৮

তারিখ : ৩০/০১/২০১৮ খ্রিঃ।

বিষয় : জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন, অবসরপ্রাপ্ত সেরেস্তাদার (উচ্চমান সহকারী), সহকারী জজ আদালত, কাউনিয়া, রংপুর এর পেনশন ও আনুতোষিক মঞ্জুরী প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন, অবসরপ্রাপ্ত সেরেস্তাদার (উচ্চমান সহকারী), সহকারী জজ আদালত, কাউনিয়া, রংপুর এর পেনশন ও আনুতোষিক মঞ্জুরীর আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট কর্মচারীর চাকুরী খতিয়ান বহি পর্যালোচনায় ও অত্রাদালতের হিসাবরক্ষক ও প্রশাসনিক কর্মকর্তার প্রতিবেদনের আলোকে তাহার মোট চাকুরীর মেয়াদ ২৫ বৎসরের উর্দ্ধকাল হওয়ায় তিনি বিধি মোতাবেক মূল বেতনের ৯০% হারে পেনশন পাইবার হকদার হইতেছেন।

আবেদনকারী কর্মচারীর সর্বশেষ মূল বেতন= ১৯,৮১০/- টাকা মাত্র। উপর্যুক্ত প্রতিবেদনের আলোকে অর্থ মন্ত্রণালয়ের গত ১৪/১০/২০১৫ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০. ১৭১.১৩. ০০৬.১৫-৮১ নং স্মারক মোতাবেক মূল বেতনের ৯০% হারে মোট অবসর ভাতার পরিমাণ দাড়ায় = ১৭,৮২৯/- (সতের হাজার আটশত উনত্রিশ) টাকা, মোট অবসর ভাতার অর্ধাংশ অর্থাৎ ৪৫% হারে= ৮,৯১৪/৫০ (আট হাজার নয়শত চৌদ্দ টাকা পঞ্চাশ পয়সা) এর প্রতি ১ (এক) টাকার পরিবর্তে ২৩০ টাকা হারে (৮,৯১৪.৫০×২৩০) আনুতোষিক বাবদ সর্বমোট=২০,৫০,৩৩৫/- (বিশ লক্ষ পঞ্চাশ হাজার তিনশত পঁয়ত্রিশ) টাকা এবং =৮,৯১৪/৫০ (আট হাজার নয়শত চৌদ্দ টাকা পঞ্চাশ পয়সা) টাকা অবসর ভাতা হিসাবে মঞ্জুরী প্রদান করা হইল।

স্বাক্ষরিত
(ছায়ায়ুন কবীর)
সিনিয়র জেলা জজ
রংপুর।


স্মারক নং : জেঃজেঃরং-১৯/২০১৬- ৫৯(৬)

তারিখ : ৩০/০১/২০১৮ খ্রিঃ।

জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। চেয়ারম্যান (যুগ্ম জেলা জজ), জেলা আদালত বাতায়ন হালনাগাদকরণ কমিটি, রংপুর।
(অত্র আদেশ জেলা আদালত বাতায়নে প্রকাশের নির্দেশসহ)।
- ২। ভারপ্রাপ্ত জজ, হিসাব বিভাগ, জেলা জজ আদালত, রংপুর।
- ৩। সহকারী জজ, কাউনিয়া, রংপুর।
- ৪। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রংপুর।
- ৫। জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন, অবসরপ্রাপ্ত সেরেস্তাদার (উচ্চমান সহকারী)
সহকারী জজ আদালত, কাউনিয়া, রংপুর
- ৬। আদেশ বহি/অফিস ফাইল।

আদেশক্রমে



প্রশাসনিক কর্মকর্তা

জেলা জজ আদালত, রংপুর।